আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের খাল ঝমঝমাস্পন্ন
২১০৭ হার্ডি এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১, (বিস্তারিত ২১ পৃষ্ঠায়)

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৪ ॥ সংখ্যা ৩৬ ॥ সোমবার ॥ জ্যৈষ্ঠ ১৭ ॥ ১৪২৬ ॥ শওয়াল ৯ ॥ ১৪৪১ ॥ Vol. 24 ॥ Issue 36 ॥ June 1 ॥ 2020 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
Tel: 718-784-2554

TiME Television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-763-0086

জি-৭ শীর্ষ সম্মেলন স্থগিত করলেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: জুনের দ্বিতীয় সপ্তাহে ঐতিহাসিক ক্যাম্প ডেভিডে হওয়ার কথা ছিল আন্তর্জাতিক অর্থনৈতিক সংগঠন জি-৭ এর শীর্ষ সম্মেলন। কিন্তু করোনাভাইরাস মহামারীর কারণে যুক্তরাষ্ট্রে যাওয়ার কথা জানাতেই পারছেন না সদস্যরাষ্ট্রের (বাকি অংশ ৩০ পাতায়)

নিউইয়র্ক সহ রাজ্যে রাজ্যে বিক্ষোভ-গুলি-অগ্নি সংযোগ কার্ফ্যু

কৃষ্ণাঙ্গ হত্যায় যুক্তরাষ্ট্রে তুলকালাম



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের মিনেসোটা অঙ্গরাজ্যের মিনিয়েপোলিস শহর পুলিশ হেফাজতে এক কৃষ্ণাঙ্গের মৃত্যুর জেরে সমগ্র যুক্তরাষ্ট্রে বিক্ষোভ, সংঘর্ষ এবং অগ্নিসংযোগে ভয়াবহ পরিণত হয়েছে। মিনিয়েপোলিস শহর এখন উত্তাল। লাগাতার প্রতিবাদ-বিক্ষোভ সমাবেশের তৃতীয় দিনের বিক্ষোভে পুলিশ বাধা দিলে বিক্ষোভকারীরা একটি থানায় ও দুটি ভবনে অগ্নিসংযোগ করেছে। পরিস্থিতি (বাকি অংশ ২৭ পাতায়)

মিনিয়াপোলিসের ঘটনার কেন্দ্র বিন্দু বাংলাদেশীর রেস্টুরেন্ট



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের মিনেসোটার মিনিয়াপোলিস শহরে পুলিশ ও কৃষ্ণাঙ্গ অধিকার কর্মীরা মুখোমুখি অবস্থানে। শহরজুড়ে চলছে দাঙ্গা (বাকি ২৭ পাতায়)

টাইম টেলিভিশনে রুহেল ইসলাম

বাইরের লোক রেষ্টুরেন্টে হামলা করেছে



নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্রের মিনেসোটা অঙ্গরাজ্যের মিনিয়েপোলিস শহরে পুলিশ হেফাজতে এক কৃষ্ণাঙ্গের মৃত্যুর জেরে ক্ষতিগ্রস্ত রেষ্টুরেন্টের মালিক বাংলাদেশী-আমেরিকান রুহেল ইসলাম (৪২) বলেছেন- গত বৃহস্পতিবার (২৮ মে) রাতে কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েড (বাকি অংশ ৩০ পাতায়)

মৃত্যু ৩ লাখ ৬৯ হাজার

বিশ্বে করোনা আক্রান্তের সংখ্যা ৬০ লাখ ছাড়ালো

বাংলা পত্রিকা ডেস্ক: শনিবার পর্যন্ত বিশ্বে করোনা ভাইরাস সংক্রমণের সংখ্যা ৬০ লাখ ছাড়িয়ে গেছে। আর মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ৩ লাখ ৭০ হাজারে। এ সময়ে লাখিন আমেরিকায় মারা গেছেন ৫০ হাজার মানুষ। আর সারা বিশ্বে মারা গেছেন কমপক্ষে এক লাখ ৬৭ হাজার মানুষ। এ খবর দিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। বর্তমানে ব্রাজিল, চিলি ও মেক্সিকোর (বাকি অংশ ২৭ পাতায়)

করোনাতে বিশ্বের ২শ' কোটি মানুষ বেকার হবে

বাংলা পত্রিকা ডেস্ক: করোনাভাইরাসের কারণে বিশ্ব অর্থনীতিতে যে বিরূপ প্রভাব পড়েছে, তাতে অন্তত ২শ' কোটি মানুষ বেকার হয়ে পড়বে। সহজে আগের অবস্থানে ফিরে আসবে না বিশ্ব অর্থনীতি। এমন আশঙ্কার কথা উঠে এসেছে যুক্তরাষ্ট্রের এক গবেষণায়। বোস্টন কনসাল্টিং গ্রুপের (বিসিজি) উদ্ধৃতি দিয়ে রিয়া নভোস্তি এ খবর প্রকাশ করেছে। এতে বলা হয়েছে, করোনা মহামারীর কারণে এ বছরই (বাকি অংশ ৩০ পাতায়)

স্ত্রী শ্বাসকষ্ট নিয়ে জীবন সংকটে

সেই কাউন্সিলর খোরশেদ করোনায় আক্রান্ত



ঢাকা ডেস্ক: নারায়ণগঞ্জে করোনা ভাইরাসে আক্রান্ত মৃত ব্যক্তিদের দাফনে এগিয়ে আসা দেশ-বিদেশে আলোচিত কাউন্সিলর মাকসুদুল আলম খন্দকার খোরশেদ করোনায় আক্রান্ত হয়েছেন। 'মানবতার ফেরিওয়ালা' উপাধি পাওয়া এই কাউন্সিলর রোববার বিকাল ৫টা ৩৭ মিনিটে নিজের ফেসবুক আইডিতে লাইভে এসে করোনা আক্রান্ত হওয়ার (বাকি অংশ ২২ পাতায়)

লিবিয়ায় ২৬ বাংলাদেশীকে হত্যা

১২ হাজার ডলার দুবাইয়ে পাঠাতে বলছিল মাফিয়ারা

বাংলা পত্রিকা ডেস্ক: লিবিয়ার বেনগাজিতে তালাবন্ধ থাকার সময় মানবপাচারকারীদের গুলিতে নিহত হওয়ার চার দিন আগে ভাই ফোরকানুল হোসেনের (২২) সাথে মোবাইলে আমার কথা হয়েছে। তখন ভাই কাঁদতে কাঁদতে আমাকে বলছিল, ওরা আমাদেরকে ভয়ঙ্কর নির্যাতন করছে। তোমরা যদি আমাকে বাঁচাতে চাও তাহলে দ্রুত (বাকি অংশ ২২ পাতায়)

APOLLO BROKERAGE
TLC INSURANCE
Shamsher Ali
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800, Fax :718-472-9801
E-mail: apollobrokerageinc@gmail.com

মসজিদে নববী খুলে দিলো সৌদি আরব
বাংলা পত্রিকা ডেস্ক: মসজিদে মসজিদে নববী খুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন সৌদি আরবের বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদ। ৩১ মে রোববার থেকে মসজিদটি খুলে দেওয়া হয় (বাকি অংশ ৩০ পাতায়)

SUNNATI HAJJ & UMRAH GROUP
Hajj Umrah since 2000
Peace Tour
Tel: 718-739-3109
Cell: 347-827-9276,
347-739-3909

আপনি কি সত্তরে ২,০০০ ডলার খরচ করতে চান?
গাড়ির পরিচয়, ব্রেক টেস্ট এবং ড্রাইভিং পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হচ্ছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
R & R Driving School
471 Mc Donald Avenue (Basement), Brooklyn, 347-836-1279

CORE CREDIT REPAIR
• Debt Settlement • Late Payment • Judgment • Charge Off • Collection • Bankruptcy
Call us 646-775-7008
Mohammad A Kashem
Core Multi Services Inc.

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
ফোন 718-396-4890, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-46, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

Molnut Islam
917-535-4131
Buy Sell Rent Invest Short Sale

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 828-2321
Crescent Insurance Brokerage Inc.

Carpet CITY Carpet, Rugs, Wood Floors & More
স্বল্প মূল্যে বাসা কিংবা অফিসের কার্পেটের জন্য যোগাযোগ করুন
Tel: (718) 267-7000
5405 Northern Blvd, (Between 54-55 St) Woodside, NY 11377, Email: carpetcity@yahoo.com

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে




Corporate Office

72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218
JAMAICA OFFICE : 169-20 HILLSIDE AVENUE, JAMAICA, NY 11432

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

এই সময়ে ভারত-চীন উত্তেজনার নেপথ্যে

ফজলুল কবির: ভারত-চীন আবারও মুখোমুখি অবস্থানে। শুধু মুখোমুখি অবস্থানে বললে ভুল হবে, হাতাহাতি ও পাথর ছোড়াছুড়ির মতো ঘটনাও ঘটেছে দুই দেশের সেনাদের মধ্যে। ২৮ মে ভারতের পক্ষ থেকে সংবাদ সংস্থাগুলোতে বাড়তি সেনা মোতায়েনের খবরও (বাকি অংশ ৩৫ পাতায়)





করোনা উপসর্গ নিয়ে মৃতের জানাজায় কেউ আসেনি, এসেছিল 'মানবিক পুলিশ' : সংযোজিত ছবি

করোনা উপসর্গ নিয়ে মৃতের জানাজায় কেউ আসেনি, এসেছিল 'মানবিক পুলিশ'

অনলাইন ডেস্ক: করোনাভাইরাসের উপসর্গ নিয়ে মৃত ভিক্ষা নগীতে ভাসিয়ে দেওয়া সোশাক প্রধিক মৌসুমী আক্তারের জানাজায় কেউ আসেননি। এমনকি পরিবারের সদস্যরাও না। কিন্তু পুলিশ এসেছিল। ভিক্ষা নদী থেকে মরদেহ উদ্ধার, থানায় নিয়ে আসা, জানাজা সবকিছুই করেছে পুলিশ। আসেনি স্থানীয় প্রশাসন, স্বাস্থ্য বিভাগ বা জনপ্রতিনিধি। গত সোমবার ইদের দিন বিকালে লালমনিরহাটের আদিতমারী থানা চত্বরে পুলিশের অংশগ্রহণে জানাজা শেষে মৌসুমী আক্তারকে দাফন করা হয়। আদিতমারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, ইদের আগের দিন রবিবার রাতে স্থানীয়দের তথ্যের ভিত্তিতে পুলিশ বৃটিতে ভিজে উপজেলার মহিষখোঁচা ইউনিয়নের ঘোষবাঁদ এলাকায় (বাকি অংশ ৩১ পাতায়)

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঙ্গে সম্পর্ক শেষ করল যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঙ্গে সব ধরনের সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। গত শুক্রবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই ঘোষণা দেন। হোয়াইট হাউসে এক সংবাদ সম্মেলনে তিনি এই ঘোষণা দেন বলে মার্কিন গণমাধ্যম সিএনএন তাদের এক প্রতিবেদনে বলেছে।



বিশ্বজুড়ে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের শুরু থেকেই এমন হুমকি দিয়ে আসছিলেন ট্রাম্প। এবার তিনি আনুষ্ঠানিক ঘোষণা দিলেন।


মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, 'জরুরীভাবে নিজেদের সংস্কারে তারা আমাদের অনুরোধ রাখতে ব্যর্থ হয়েছে। আমরা আজ থেকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঙ্গে আমাদের সম্পর্কের ইতি টানছি। সেখানে করা অর্থায়নের টাকা ফেরৎ এনে বিশ্বের যেসব জায়গায় মানুষের স্বাস্থ্যের উন্নয়নের দরকার সেখানে খরচ করা হবে।'

করোনাভাইরাস ইস্যুতে চীনের কাছে জবাব চেয়ে ট্রাম্প বলেন, 'ভাইরাসের ব্যাপারে বিশ্বের কাছে চীনকে জবাব দিতে হবে।আমাদের স্বচ্ছতা থাকা উচিৎ।'

ট্রাম্প অভিযোগ করে বলেন, করোনাভাইরাসের বিষয়ে চীনের কাছে যেসব তথ্য ছিল তা তারা ঠিকমতো বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে জানায়নি। তিনি আরও বলেন, বিশ্বকে বিভ্রান্ত করতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ওপর চাপ প্রয়োগ করেছিল চীন।

কোন পথে করোনা ....!

বাংলা পত্রিকা ডেস্ক: করোনার বিষাক্ত ছোবলে বিশ্বব্যাপী প্রতি মুহূর্তে বাড়ছে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা। এক করোনাই চিরচেনা পৃথিবীর রূপ নিমিষেই বদলে দিয়েছে। এ ভাইরাস পৃথিবী থেকে কবে কখন চিরতরে নির্মূল হবে? করোনার আতঙ্ক থেকে মুক্তি মিলবে কবে? এমন প্রত্যাশিত উত্তরের খোঁজে কোটি মানুষ তাকিয়ে আছে। তবে আমাদের সামনে এখন পর্যন্ত যে উত্তরটি আছে তা অনুমেয় ছাড়া আর কিছুই নয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)মনে করে, পৃথিবী করোনা থেকে পুরোপুরি মুক্তি কোনোদিনই হয়ত আর হবে না। দীর্ঘ ছয় মাসে বিশ্বের বড় বড় বিজ্ঞানী গবেষণা করে এখনো এর কূলকিনারা খুঁজে পাননি। এখনো করোনাভাইরাসের বিষয়ে একেবারেই আশার কথা শোনাতে পারেননি এমনকি ভ্যাকসিন আবিষ্কার হলেও করোনা ভাইরাসমুক্ত পৃথিবীর কথা ভাবতে পারছেন না ডব্লিউএইচও'র বিশেষজ্ঞরা। কেননা, হামের ভ্যাকসিন আবিষ্কৃত হওয়ার পরও যেমন করে হাম পৃথিবী থেকে চিরবিদায় নেয়নি, সেভাবে ভ্যাকসিন এলেই করোনা ভাইরাস একেবারে নির্মূল হয়ে যাবে এমনটি নাও হতে পারে। তবে অনেক গবেষক এটাও মনে করেন, হয়তো আর কিছুদিনের মধ্যে ওষুধ বের হয়ে যাবে। প্রাথমিক পরীক্ষাও চলছে। (বাকি অংশ ৩৫ পাতায়)



কেমন হবে ভবিষ্যতের কর্মক্ষেত্র

করোনাভাইরাসের কারণে লকডাউন বা অবরুদ্ধ অবস্থা শুরু হওয়ার আগে চাকরিজীবী মানুষেরা দিনে এক-তৃতীয়াংশ বা তারও বেশি সময় অফিসে কাটাতেন। লকডাউন শুরুর পরে তাঁদের অর্ধেকের বেশি বাসায় থেকেই অফিস করছেন। কাজ করার নতুন এই ধারা ভবিষ্যতেও বজায় থাকতে পারে বলে অনেকেই মনে করেন। তাঁদের মতে, মানুষ কাজ করবে বাসায় বসে, আর অফিস হয়ে যাবে কথার কথা। আবার আরেক দল বলছে, ভবিষ্যতের অফিসও হবে অতীতের মতো। অফিসে গিয়ে কাজ করার সংস্কৃতি না থাকলে নানামুখী চ্যালেঞ্জ দেখা দেবে। যুক্তরাজ্যের বহুজাতিক বিনিয়োগ ও আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান বার্কলেসের প্রধান বলেছেন, এক ভবনে সাত হাজার কর্মী নিয়ে কাজ করার ধারণাটা অতীত হয়ে যেতে পারে। আবার যুক্তরাষ্ট্রভিত্তিক একই ধরনের কোম্পানি মরগ্যান স্টানলির প্রধান (বাকি অংশ ৩২ পাতায়)

জর্জ ফ্লয়েডের হত্যার দৃশ্য আমার হৃদয় ভেঙে দিয়েছে: ওবামা

বাংলা পত্রিকা ডেস্ক: আমেরিকান শ্বেতাঙ্গ পুলিশের হাতে কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েড নির্মমভাবে খুন হওয়ার ঘটনায় মুখ খুলেছেন সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা। এক বিবৃতিতে তিনি বলেছেন, পুলিশের হাতে জর্জ ফ্লয়েডের নির্মম হত্যাকাণ্ড ২০২০ সালে আমেরিকায় 'স্বাভাবিক' বিষয় হতে পারে না। আমি ভিডিওটি দেখেছি। খবর এএফপির।

সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা বলেন, 'ওই দৃশ্য আমার হৃদয় ভেঙে দিয়েছে। আমাদের মনে রাখতে হবে, এখনও লাখ লাখ মানুষকে বর্ণবৈষম্যের শিকার হয়ে নিগৃহীত হতে হয়। আমেরিকাকে অবশ্যই ভালো হতে হবে।' গত শুক্রবার এক টিভি সাক্ষাৎকারে ওবামা এভাবেই তার প্রতিক্রিয়া ব্যক্ত করেন। উল্লেখ্য, ৪৬ বছর (বাকি অংশ ৩২ পাতায়)



যুক্তরাষ্ট্রে ৬৫ লাখ পিপিই রফতানি করল বাংলাদেশ

অনলাইন ডেস্ক: মার্কিন ব্র্যান্ড হেইনস-এর কাছে ৬৫ লাখ পিপিই রফতানি করেছে বাংলাদেশ। দেশের টেক্সটাইল খাতের নেতৃস্থানীয় ব্র্যান্ড বেক্সিমকো গতকাল সোমবার (২৫ মে) গাউনের একটি চালান পাঠিয়েছে যুক্তরাষ্ট্রে। চালানটি পৌঁছবে মার্কিন কেন্দ্রীয় জরুরি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের (ফেমা) কাছে। সোমবার চালান (বাকি অংশ ৩১ পাতায়)

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার

অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত



MOHAMMED HELAL UDDIN, M.D.

মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.

আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

শাদমান নোশিন

ফিজিশিয়ান এ্যাসিস্ট্যান্ট

কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড ক্লেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট

পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ

সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট

We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্সুরেন্স গ্রহণ করি

৩৩৯৯ লেইনব্রিজ এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com

৯০৮৪ কলেজিয়েট এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : Abu Taher
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

লিবিয়ায় ২৬ বাংলাদেশী হত্যা

লিবিয়ায় ২৬ বাংলাদেশীসহ ৩০ জন অভিবাসী হত্যার ঘটনা অত্যন্ত বেদনাবহ ও মর্মান্তিক। জানা গেছে, বাংলাদেশী ছাড়া নিহত অপর ৪ জন সুদানী নাগরিক। একই ঘটনায় ১১জন বাংলাদেশী আহত হয়েছে, যাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই চরম বর্বরোচিত হত্যাহতের ঘটনা যারা ঘটিয়েছে, তাদের নিন্দা ও ধিক্কার জানানোর ভাষা আমাদের নেই। এদিকে হতাহতদের পরিবার-পরিজনের মধ্যে গভীর শোকের ছায়া নেমে এসেছে। তাদের মাতম ও হাহাকারের কোনো সীমা-পরিসীমা নেই। আমরা তাদের প্রতি জানাই আন্তরিক সহমর্মিতা ও সহানুভূতি। মানব পাচারকারী চক্রের খপ্পরে পড়ে এই হতাহত ব্যক্তিরা যে লিবিয়া গিয়েছিল, তাতে সন্দেহ নেই। ইতোমধ্যে সিআইডি পাচারকারী চক্রের বিরুদ্ধে তদন্ত শুরু করেছে। কয়েকজনকে চিহ্নিত করে তদন্ত শুরু হয়েছে।

বিভিন্ন সূত্র-উৎসের খবর অনুযায়ী, গত ডিসেম্বরে ৩৮ জন বাংলাদেশী তরুণ পাচারকারী চক্রের মাধ্যমে প্রথমে জর্ডনে যায়। এরপর দুবাই হয়ে লিবিয়ায় যায়। লিবিয়া তাদের গন্তব্যস্থল ছিল না, গন্তব্যস্থল ইতালি বা ইউরোপীয় কোনো দেশ। লিবিয়া থেকে ভূমধ্যসাগর পাড়ি দেয়াই ছিল তাদের লক্ষ্য। তাদের প্রত্যাশা পূরণ হয়নি। তার আগেই নিষ্ঠুর ঘাতকরা তাদের ২৬ জনকে দুনিয়া থেকে বিদায় করে দিয়েছে। বাকী ১১ জনকে আহত করে হাসপাতালে যেতে বাধ্য করেছে। খবরে উল্লেখ করা হয়েছে, সুদানী কয়েকজনের সঙ্গে এই বাংলাদেশী তরুণরা দু'দফা অপহরণের শিকার হয়। প্রথম দফায় মুক্তিপণের মাধ্যমে তারা ছাড়া পায়। দ্বিতীয় দফায় অপহরণকারীরা মুক্তিপণের দাবিতে তাদের ওপর অকথ্য নির্যাতন ও নির্যাতন চালায়। এক পর্যায়ে অপহরণকারী চক্রের মূল হোতাসহ দু'জন তাদের হাতে নিহত হয়। এই হত্যার প্রতিশোধ নিতেই অপহরণকারী চক্রের লোকেরা তাদের ওপর নির্বিচারে গুলি চালায় এবং হতাহতের এই মর্মান্তিক ঘটনা ঘটে।

ওয়াকিবহাল মহলের অজানা নেই, ২০১৫ সালের পর থেকে লিবিয়ায় বাংলাদেশী শ্রমবাজার বন্ধ। সেখানে বৈধভাবে শ্রমিক যাওয়ার কোনো সুযোগ নেই। এই নেতিবাচক অবস্থা সত্ত্বেও বাংলাদেশ থেকে লিবিয়ায় শ্রমিক যাওয়া অব্যাহত আছে। যারা লিবিয়ায় যাচ্ছে, তাদের অধিকাংশই আসলে ইউরোপ যাওয়ার জন্য যাচ্ছে। লিবিয়াকে মাধ্যম হিসাবে ব্যবহার করছে। বাংলাদেশীসহ আন্তর্জাতিক মানব পাচারকারী চক্রগুলো এই রুটটি কাজে লাগিয়ে তাদের অবৈধ কারবার চালিয়ে যাচ্ছে। বিনিময়ে তারা মোটা অংকের অর্থ হাতিয়ে নিচ্ছে ইউরোপে অভিবাসী হতে ইচ্ছুক বাংলাদেশীদের কাছ থেকে।

বাংলাদেশ থেকে মানব পাচার দীর্ঘদিনের একটি বাস্তবতা। এটি কোনোভাবেই বন্ধ হচ্ছে না। বিশ্বে মানবপাচারের দিক থেকে ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। স্মরণ করা যেতে পারে, মানব পাচারবিরোধী আইন থাকলেও তার প্রয়োগ ও কার্যকারিতা নেই। ইতোপূর্বে কয়েকজন মানব পাচারকারীর বিরুদ্ধে মামলা হলেও কিছু হয়নি; তারা জামিন পেয়েছে। বাংলাদেশী মানব পাচারকারীরা এতটাই আস্থাশীল ও শক্তিশালী যে, পাচারবিরোধী প্রচারণা, আইন ও ব্যবস্থা কোনো কিছুতেই কাজ হচ্ছে না। তাদের খপ্পরে পড়ে কত তরুণ বাংলাদেশী যে, সাগরে ও পাহাড়-জঙ্গলে বেঘোরে প্রাণ হারিয়েছে, অপহৃত হয়েছে, পলাতক জীবন কাটিয়েছে কিংবা কারাগারে থাকতে বাধ্য হয়েছে, তার ইয়ত্তা নেই। বলার অপেক্ষা না, মানব পাচারকারী চক্রকে, যাদের সঙ্গে আন্তর্জাতিক মানব পাচারকারী চক্রের ঘনিষ্ঠ যোগসাজস রয়েছে, দমন ও নির্মূল করতে না পারলে মানব পাচার ও এই ধরনের ট্রাজিক ঘটনা রোধ করা সম্ভব হবে না।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের তরফে লিবিয়া সরকারের কাছে বাংলাদেশী হত্যাকাণ্ডের বিচার ও ক্ষতিপূরণ দাবি করা হয়েছে। এতে আদৌ কোনো কাজ হবে বলে মনে হয়না। ২০১১ সালে গাদ্দাফী সরকারের পতন হওয়ার পর থেকে এখন পর্যন্ত লিবিয়ায় একক কোনো সরকার কর্তৃত্বশীল হতে পারেনি। বিভিন্ন অস্ত্রধারী গ্রুপ ও গোত্রী সেখানে সক্রিয়। জাতিসংঘ স্বীকৃত একটি সরকার আছে বটে, তবে তার ক্ষমতা খুবই সীমিত। সুতরাং, হত্যাকাণ্ডের বিচার ও ক্ষতিপূরণ পাওয়া যাবে, এমনটি আশা করা যায়না। তার চেয়ে মানব পাচারকারী চক্রকে কীভাবে দমন ও নির্মূল করা যায়, সেই চিন্তা সক্রিয়ভাবে (বাকি অংশ ৪২ পাতায়)

হোয়াইট হাউসে করোনার হানা, গণ ভবন নিরাপদ তো?

সালাহউদ্দিন আহমেদ

প্রাণঘাতক করোনাভাইরাস এখন সমগ্র মানবজাতির সবচেয়ে আতঙ্কের নাম। অচেনা, অজানা, অদেখা করোনা ভাইরাস মাত্র ৬/৭ মাসেই সমগ্র বিশ্বকে তছনছ করে দিয়েছে। ইতিমধ্যেই কেড়ে নিয়েছে লাখ লাখ প্রাণ। বার্তা সংস্থা রয়টার্স-এর খবর- শনিবার পর্যন্ত বিশ্বে করোনা ভাইরাস সংক্রমণের সংখ্যা ৬০ লাখ ছাড়িয়ে গেছে। আর মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ৩ লাখ ৭০ হাজারে। অপরদিকে সিটিইয়র্কেও জন হপকিন্স বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুযায়ী, রোববার সকাল পর্যন্ত বিশ্বব্যাপী করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬০ লাখ ৫৯ হাজার ১৭ জনে। এদের মধ্যে মৃত্যু হয়েছে ৩ লাখ ৬৯ হাজার ১২৬ জনের। বিশ্বে একক দেশ হিসেবে করোনাভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা সবচেয়ে বেশি যুক্তরাষ্ট্রে। রোববার সকাল পর্যন্ত দেশটিতে আক্রান্তের সংখ্যা ১৭ লাখ ৭০ হাজার ১৬৫ জন। আর মৃত্যু হয়েছে ১ লাখ ৩ হাজার ৭৭৬ জনের।

যুক্তরাষ্ট্রের পর মৃতের নিক থেকে দ্বিতীয় খারাপ অবস্থায় রয়েছে ইউরোপের দেশ যুক্তরাজ্য। দেশটিতে রোববার সকাল পর্যন্ত আক্রান্তের সংখ্যা ২ লাখ ৭৪ হাজার ২১৯ জন এবং মৃত্যু হয়েছে ৩৮ হাজার ৪৫৮ জনের। এরপরই রয়েছে ইউরোপের আরেক দেশ ইতালি। সেখানে এখন পর্যন্ত আক্রান্ত হয়েছে ২ লাখ ৩২ হাজার ৬৬৪ জন এবং মৃত্যু হয়েছে ৩৩ হাজার ৩৪০ জনের। মৃত্যুর দিক থেকে ইতালির পরই চতুর্থ স্থানে উঠে এসেছে লাতিন আমেরিকা দেশ ব্রাজিল। সেখানে এখন পর্যন্ত আক্রান্ত হয়েছে ৪ লাখ ৯৮ হাজার ৪৪০ জন, যা আক্রান্তের বিচারে বিশ্বে দ্বিতীয়। দেশটিতে এখন পর্যন্ত মৃত্যু হয়েছে ২৮ হাজার ৮৩৪ জনের।

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ১০ হাজারের বেশি মানুষের মৃত্যু হওয়া দেশের মধ্যে রয়েছে ইউরোপের আরও দুই দেশ- ফ্রান্স ও স্পেনও। ফ্রান্সে এখন পর্যন্ত আক্রান্ত হয়েছে ১ লাখ ৮৮ হাজার ৭৫২ জন এবং মৃত্যু হয়েছে ২৮ হাজার ৭৭৪ জন। আর স্পেনে এখন পর্যন্ত আক্রান্ত হয়েছে ২ লাখ ৩৯ হাজার ২২৮ জন এবং মৃত্যু হয়েছে ২৭ হাজার ১২৫ জনের। গত বছরের ডিসেম্বরে চীন থেকে সংক্রমণ শুরু হওয়ার পর বিশ্বব্যাপী এ পর্যন্ত ১৮৮টি দেশে ছড়িয়েছে প্রাণঘাতী করোনাভাইরাস। গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারি ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, দেশে শনিবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ১ হাজার ৭১৬ জনের শরীরে করোনাভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে এবং মৃত্যু হয়েছে আরও ২৮ জনের। সর্বমিলিয়ে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত দেশে ৪৪ হাজার ৬০৮ জনের দেহে করোনাভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। মোট মৃত্যু হয়েছে ৬১০ জনের। আর সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ৯ হাজার ৩৭৫ জন।

উল্লেখিত তথ্যই বলে দিচ্ছে করোনার করাল আক্রমণে মানবজাতি তথা বিশ্বের কি করুণ অবস্থা। সবচেয়ে অস্বস্তির ব্যাপার হচ্ছে বিশ্বেও সবচেয়ে ক্ষমতাধর রাষ্ট্র আমেরিকার প্রেসিডেন্ট-এর অফিস কাম বাস হোয়াইট হাউসে-ও করোনা ছোবল মেরেছে। অথচ হোয়াইট হাউসের বাসিন্দা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প করোনা নিয়ে কতই না হাস্যকর কথা বলেছেন। যাই হোক "সাদা ভবনে" বড় ধরণের অঘটন না ঘটলেও সেখানকার কেউ যে ভালো আছেন, বা চরমভাবে চিন্তিত নন তা বলা যাবে না। অঘটন না ঘটার জন্য সৃষ্টিকর্তার কাছে শুকরিয়া। চলতি বছর আমেরিকার নির্বাচনের বছর। করোনার করাল গ্রাস উপেক্ষা করে প্রেসিডেন্ট ট্রাম্পের সকল দৃষ্টি এখন আগামী নভেম্বরের নির্বাচন। কিন্তু হোয়াইট হাউস-কে নিরাপদ আর আমেরিকানদের অনিরাপদ রেখে 'আমেরিকান ফার্স্ট'-এর শ্লোগানধারী প্রেসিডেন্ট ট্রাম্প কি নির্বাচনী বৈতরণী পার হতে পারবেন? শুধু ক্ষমতায় নয়, সকল ক্ষেত্রেই আমেরিকা-কে ফার্স্ট হতে হবে। করোনাভাইরাস-এর আক্রমণ মোকাবেলায় আমেরিকা কি সেই ফার্স্ট হতে পেরেছে?

করোনাভাইরাস নিয়ে খোঁজ যুক্তরাষ্ট্র তথা হোয়াইট হাউজ চরমভাবে চিন্তিত, সেখানে বাংলাদেশের করোনার তথ্য কি বলছে। উল্লেখিত তথ্য মোতাবেক করোনার করাল গ্রাস মোকাবেলায় বাংলাদেশ কতটুক প্রস্তুত? হোয়াইট হাউজে করোনার হানা, আমার প্রশ্ন গণ ভবন নিরাপদ তো? করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পর থেকেই আটান্টিকের এপার থেকে আজ পর্যন্ত হ-জ-ব-র-ল অবস্থা লক্ষ্য করছি। বিভিন্ন মিডিয়ার দেশে হাসপাতালগুলোর কি চরম অব্যবস্থাপনার খবর। অন্যদের কথা বাদই দিলাম করোনায় আক্রান্ত ডাক্তার, সরকারের সচিব পর্যায়ের মানুষকেও চরম অবহেলায়, বিনা চিকিৎসায় প্রাণ দিতে হচ্ছে। সেখানে আমজনতার কি হবে তা বলাই বাহুল্য। জন্মসূত্রেজাতে একজন বাংলাদেশী হওয়ায় অন্যান্য প্রবাসী বাংলাদেশীদের মতো মাতৃভূমির জন্য আমারও প্রাণ কাঁদে, কষ্ট লাগে। করোনায় মৃত্যুদুরী হিসেবে খ্যাতি অর্জনকারী সিটিইয়র্কের জ্যামাইকায় বসবাস করেও দেশের জন্য, দেশের মানুষের জন্য ভাবনায় রাত-দিন কাটে। সরকারের দাবী অনুযায়ী বাংলাদেশ যেখানে উন্নয়নশীল দেশের পথে সেখানে স্বাস্থ্য সেবা সহ অন্যান্য নাগরিক সেবার মান দেখে মনে হয় না বাংলাদেশ কাংখিত পর্যায়ে এগুচ্ছে। মনে হচ্ছে সবই চাপাবাজী। তা নাহলে সাংবাদিক সাগর-রুনী দম্পতি হত্যার বিচার কই, কোটি কোটি অর্থ পাচারকারীদের খবর কই, প্রথম-দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীর নেতা-নেত্রী নয় জেলা পর্যায়ের নেত্রী পালিয়াদের দাপট বাড়ে কিভাবে, হত্যা করার মতো গুরুতর অভিযোগ থাকা সত্ত্বেও এক হাতের মধ্যে (বাকি অংশ ৪২ পাতায়)





আরব নারীদের উদ্বেগ

জিয়াউদ্দিন শাহ

আরব সংস্কৃতির জাহিলি যুগে জীবন্ত নারী-শিশুকে পুঁতে ফেলা হতো! জাহিলি যুগের আরববাসী কন্যাসন্তানের জন্মকে নিজের জন্য অপমানজনক মনে করতেন। রসুল (সা.) জীবনভর দুঃখ-কষ্ট সয়ে অনেক ত্যাগ ও রক্তের বিনিময়ে জাতিকে আলোর পথ দেখিয়ে গেছেন। জন্মজাতীর হাতে তুলে দিয়ে গেছেন পবিত্র কোরআন। রেখে গেছেন সত্যতা ও আদর্শের বাণী। যার অনুকরণে মানুষ খুঁজে নিতে পারে আলোর পথ। আরব ধর্ম প্রচারকের বক্তব্যে শুনেছি, 'কোরআন ফর অল ম্যানকাইন্ড'। কোরআন সব মানুষের জন্য হলেও মুসলিম বিশ্বের জন্য বিশেষ উপহার। কোরআন মুসলমানদের হাতের অন্যতম শোভা। জাগ্যক্ষণে আরবদের হাতে এসেছিল প্রথম। প্রযুক্তির বাস্তবায়নে সেই হাত দখল করে নিয়েছে মোবাইল।

আরবদের প্রতি দৃষ্টি দিলে হাতে একাধিক মোবাইলও দেখা যায়। বিশ্বের সব জাতিই প্রযুক্তির দিকে ঝুঁকছে। কোনো জাতিকে পিছিয়ে করে দায় দেওয়া অনুচিত। ভয়ের কারণ নেই। এই ধর্মগ্রন্থ কোনো না কোনোভাবে ২৪ ঘণ্টাই পঠিত। আল্লাহ নিজেই কোরআনের রক্ষাকারী। আরব নিউজের লোকাল প্রেস কলামে নারীদের কিছু দাবি প্রায় তুলে ধরা হয়। নারী কলামিস্ট লিখেছিলেন, আরবের নারীরা এককালে উটের পিঠে চড়ে ঘুরে বেড়াতেন, যাকে বলা হতো 'কাফেলা'। প্রযুক্তির বাস্তবায়নে উটের স্থান গাড়ি দখল করে নিয়েছে। অতএব, নারীর গাড়ি চালানো নিষেধ হতে পারে না। নারীদের একাংশ গাড়ি চালানোর তাগিদে অনেক আগে থেকেই দাবি করে আসছিলেন। বর্তমান কর্তৃপক্ষ দাবি মেনে নিয়ে স্বাধীনতার দ্বার উন্মোচন করেছেন। নারীরা পাচ্ছেন ড্রাইভিং লাইসেন্স। বিপক্ষের সম্মতিও হয়ে গেছে শীতল। সংস্কৃতিতে যোগ হয়েছে আধুনিকতার ছোঁয়া। আমি কোনো সংস্কৃতির প্রতিই অতি আকর্ষিত নই। সংস্কৃতির মানুষগুলোর কর্মকাণ্ডের প্রতি আকর্ষণ বা আগ্রহের সীমা নেই। এক্সপেরিমেন্ট চালাতে পারলে ভালো হতো। তা কী করে সম্ভব! আরবের সংখ্যাগরিষ্ঠ অভিভাবকই পরিবারের সব সদস্যের ভরণপোষণে দায়িত্ববান ও সচেতন। মা-বাবা এবং স্ত্রীর সেবায় নিয়োজিত থাকেন তৃতীয়। এটি মুসলিম পরিবার ও আরব সংস্কৃতির অংশ। অর্থের জোর থাকলে এনে দেন একাধিক দাস-দাসী। আরবের নারী-পুরুষ একে অপরের সঙ্গে প্রাণ খুলে কথা বলতে সম্মানার্থে শেখ সম্বোধন দেন। শেখের প্রতি রয়েছে এদের আন্তরিক শ্রদ্ধা। শেখের অভিধানিক অর্থ সরাসরি হজরত মুহাম্মদ (সা.) কর্তৃক দীক্ষিত মুসলমান ও তাদের বংশধর। মুসলমানদের সম্মানসূচক উপাধিবিশেষ। আরববাসী শেখ আহ্বানে অত্যন্ত খুশি হন। এ আহ্বানের মুগ্ধতা জটিলতাকেও নিমিষেই সহজতম করে দেয়। সালাম দিয়ে শুধু বলুন, কেয়া হালেক ইয়া শেখ? (হে শেখ! আপনি কেমন আছেন?)। শেখ ম্যাজিকের মতো কাজ করে। শত সমস্যা থাকলেও সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন। পারতপক্ষে এড়িয়ে যাবেন না। শেখের প্রতি এদের বিশেষ শ্রদ্ধা ও দুর্বলতা সহজেই অনুমেয়।

সব জাতিরই ভালো-মন্দের দিক আছে, থাকে। মন্দ সমালোচনায় না যাই। আমি আমার চারপাশের সবাইকে শেখ সম্বোধন দিয়েই কথা বলি। আমার আছে শেখের সমাহার। নগণ্য হলেও কিছু শেখের আচরণে জীবন দুঃখ হয়। কিছু শেখের আচরণ স্মরণ করিয়ে দেয় মানবতার উজ্জ্বল দৃষ্টান্ত। অধিকাংশে শেখই আজকাল আমেরিকান তৈরি যে কোনো পণ্যকেই বলেন মিয়া মিয়া। অর্থাৎ ১০০% খাঁটি। নারীর অধিকারে আমেরিকান সংস্কৃতি দাবি করে, 'ইফ সি ইজ ইটিং সি ইজ টু ওয়ার্ক।' (বাকি অংশ ৪২ পাতায়)

নামাজের সময়-সূচী

জুন	০১	০২	০৩	০৪	০৫	০৬
ফজর	৫.২৭	৫.২৭	৫.২৬	৫.২৫	৫.২৫	৫.২৫
জোহর	১২.৫৬	১২.৫৬	১২.৫৬	১২.৫৬	১২.৫৭	১২.৫৭
আসর	৬.০৫	৬.০৬	৬.০৭	৬.০৭	৬.০৭	৬.০৮
মাগরিব	৮.২৩	৮.২৩	৮.২৫	৮.২৬	৮.২৬	৮.২৭
এশা	৯.৫২	৯.৫২	৯.৫৩	৯.৫৪	৯.৫৪	৯.৫৫

২৩ জুনের নির্বাচনে ভোট দিন

মতিউর রহমান লিটু

আসন্ন ২৩ জুনের নির্বাচনে আমেরিকান নাগরিক হিসাবে ভোটিপ্রদান আপনার নৈতিক দায়িত্ব ও কর্তব্য। আপনি রাজনীতি বিমুখ হতে পারেন, সেটা আপনার একান্ত নিজস্ব পছন্দ বা অপছন্দ। কিন্তু জাতীয় রাজনীতির নেতা নির্বাচনে আমেরিকান নাগরিক হিসাবে অংশ নেয়া আপনার ব্যক্তিগত নাহলেও বাংলাদেশী কমিউনিটির স্বার্থে একান্ত অপরিহার্য।

যুক্তরাষ্ট্রের বাঙ্গালী অধ্যুষিত এলাকাগুলোতে বাৎসরিক মেলা, পিঠা উৎসব, পূজা পার্বণ এমনকি রাজনৈতিক মিটিং মিছিলে শত শত কিংবা হাজার হাজার প্রবাসীদের সমাগম ঘটে অথচ আমেরিকান নাগরিক হয়েও অনেকেই যুক্তরাষ্ট্রের ভোট প্রদানে বেশ অনাসক্তার আশ্রয় নিয়ে থাকেন। তাই আর অনাসক্তা নয় দেশের স্বার্থে, জাতির স্বার্থে এমনকি বাংলাদেশী কমিউনিটির স্বার্থে অবশ্যই আগামী ২৩ জুনের নির্বাচনে নিজে অংশ নিবেন এবং অপরকেও ভোট প্রদানে উৎসাহিত করবেন। এটাই আপনার দায়িত্ব।

আমরা জন্মেছি বাংলাদেশে। কিন্তু বাস্তবতার তাগিদে জীবনের অধিকাংশে সময়টুকুই কেটে গেছে অথবা কেটে যাবে এই মার্কিন মুল্লুকে। যে দেশে



জীবদ্দশা থাকতে হবে, খাইতে হবে, সন্তান গড়তে হবে, সন্তানদের মানুষ করতে হবে সেদেশে নিজের কমিউনিটিকে শক্তিশালী করতে হবে এটাইতো স্বাভাবিক। আপনি আমেরিকান নাগরিক হয়েও যদি নাগরিকের অধিকার আদায় করে নিতে না পারেন সেটা আপনারই ব্যর্থতা। কমিউনিটির বা নিজের দাবি আদায়ের লক্ষ্যে আমাদের সঙ্ঘবদ্ধ থাকা উচিত, "নাগরিক অধিকার" ভোট প্রদান করে প্রশাসনকে জানাতে হবে আমরা এখন আর ছোট নই- বিশাল কমিউনিটি আমাদের। তাহলেই আমরা আমাদের পূর্ণাঙ্গ অধিকার আদায় করতে পারবো।

এবারের নির্বাচনে বেশ কয়েকজন বাংলাদেশী প্রার্থী অংশ গ্রহণ করেছেন তাই যার যার এলাকায় ঐক্যবদ্ধভাবে বাংলাদেশী প্রার্থীদের বিজয়ী করতে হবে। যুক্তরাষ্ট্র প্রশাসনে শক্ত কমিউনি-টির জানান দেয়া ছাড়া আমরা কোনোদিন আমাদের পূর্ণাঙ্গ অধিকার আদায় করতে পারবোনা। তাই আসুন সকলে ঐক্যবদ্ধভাবে ২৩ জুনের নির্বাচনে ভোট প্রদান করি এবং মূলধারার রাজনীতিতে বাংলাদেশী নেতৃত্ব প্রতিষ্ঠা করি।

লাইভ সম্প্রচার থেকে সিএনএন সাংবাদিককে তুলে নিয়ে গেল পুলিশ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে কৃষ্ণাঙ্গ হত্যার প্রতিবাদে বিক্ষোভের ঘটনা সরাসরি সম্প্রচার করার সময় আন্তর্জাতিক সংবাদমাধ্যম সিএনএন এর লাইভ টিমের কয়েকজনকে আটক করে দেশটির পুলিশ। আটকের এক ঘণ্টা পর তাদের ছেড়ে দেওয়া হয়েছে। সিএনএন এর খবরে বলা হয়, দেশটির স্থানীয় সময় সকালে সিএনএন-এর কয়েকজনকে পুলিশ আটক করে নিয়ে যায়। এ সময় পুলিশ কর্মকর্তাদের কাছে নিজেদের সাংবাদিক পরিচয় দিলেও পুলিশ তাদের হাতে হ্যান্ডকাফ পরায় এবং ক্যামেরাও কেড়ে নেয়।

এ ঘটনায় ক্ষমা চেয়েছে মিনেসোটার গভর্নর। গভর্নর টিম ওয়ালজ সিএনএনের বৈশ্বিক প্রেসিডেন্ট জেফ জুকারকে বলেছেন, যা ঘটেছে সেজন্য দুঃখিত। তাদের ছেড়ে দেওয়ার বিষয়টি দেখবেন। এর কিছুক্ষণ পরে সিএনএনের টিমকে ছেড়ে দেওয়া হয়। প্রসঙ্গত, একজন কৃষ্ণাঙ্গ ব্যক্তির হত্যার ঘটনাকে কেন্দ্র করে অগ্নিগর্ভ হয়ে উঠেছে যুক্তরাষ্ট্রের মিনেসোটা রাজ্যের মিনিয়াপোলিস। গত সোমবার জর্জ ফ্লয়েড নামের ওই ব্যক্তির ঘাড়ে হাঁটু দিয়ে চেপে ধরেন একজন শ্বেতাঙ্গ পুলিশ। এরপর থেকে হত্যাকাণ্ডের প্রতিবাদে ফুঁসে উঠেছে গোটা আমেরিকা। বিক্ষোভ ছড়িয়ে পড়েছে বিভিন্ন অঙ্গরাজ্যে। এমনকি হোয়াইট হাউসের সামনেও বিক্ষোভ হয়েছে শুক্রবার।

মহামারীর মাঝেই ইতিহাস গড়ে মহাকাশে পাড়ি!

বাংলা পত্রিকা ডেস্ক: একদিকে গোটা বিশ্ব লড়াই করছে মহামারীর সঙ্গে। আর এর মধ্যেই মহাকাশের উদ্দেশ্যে পাড়ি দিল মানুষ। আমেরিকার মাটি থেকে উড়ল রকেট। কয়েকদিন আগেই ফ্যালকন ৯ নামে ওই রকেটের মহাকাশ পাড়ি দেওয়ার কথা ছিল। কিন্তু আবহাওয়া খারাপ থাকার জন্য সেই যাত্রা বাতিল হয়ে যায়। অবশেষে শনিবার (৩০ মে) মহাকাশে পাড়ি দিল এই রকেট। প্রথমবার কোনও বেসরকারি সংস্থার হাত ধরে রকেট উৎক্ষেপণ করল নাসা।

ইলন মাস্কের সংস্থা স্পেশ এক্স ওই রকেট তৈরি করেছে। শনিবার স্থানীয় সময় বিকাল ৪টা ২২ মিনিটে উৎক্ষেপণ করা হয় ওই রকেট। এই প্রথম কোনও বেসরকারি সংস্থা মহাকাশে মানুষ পাঠানোর উদ্যোগ নিল। তাই এই অভিযান ইতিমধ্যে ঐতিহাসিক। পৃথিবী থেকে ২৫০ মাইল উপরে ইন্টারন্যাশনাল স্পেস স্টেশনের উদ্দেশে পাড়ি দিল ওই রকেট। প্রায় এক দশক বাদে আমেরিকার মাটি থেকে মানুষ পাড়ি দিল মহাকাশে।

একদিকে আমেরিকায় করোনাভাইরাসে মৃত্যু হয়েছে ১ লাখ ৫ হাজারেরও বেশি মানুষের। তার মধ্যে এই ঘটনা আমেরিকার জন্য এক ইতিবাচক খবর। রবার্ট বেনকেন ও ডগলাস হার্লে নামে দুই মহাকাশচারী এদিন ওই রকেটে পাড়ি দিয়েছেন। ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে রওনা হয়েছে ওই রকেট।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Email: moinlaw@gmail.com

Moin Choudhury, Esq

Moin Choudhury is admitted in the United States Supreme Court and All State only.Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্ম

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি নেয়া হয় না)

Immigration

(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S. Supreme Court

নিউজার্সী ষ্টেট বিএনপি'র উদ্দ্যোগে শহীদ জিয়ার শাহাদাত বার্ষিকী পালিত

নিউজার্সী: গত শনিবার, মে ৩০ ছিল বাংলাদেশের মহান স্বাধীনতার ঘোষক, আধুনিক বাংলাদেশের স্থপতি ও বাংলাদেশের সবচেয়ে জনপ্রিয় রাজনৈতিক দল বিএনপি'র প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীরউত্তম'র ৩৯তম শাহাদাতবার্ষিকী। এ উপলক্ষে বিএনপি নিউজার্সী স্টেটের আয়োজনে করোনা ভাইরাস পরিস্থিতিতে টেলিকনফারেন্সের মাধ্যমে শহীদ জিয়ার জীবনের উপর আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। স্টেট বিএনপির সভাপতি সৈয়দ জুবায়ের আলীর সভাপতিত্বে সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক আলাউর খন্দকার। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা আবদুস সালাম, বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় বিএনপির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাহিদুর রহমান, প্রধান বক্তা ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন নিউজার্সী বিএনপির উপদেষ্টা সদস্য অধ্যাপক গোলাম মোস্তফা চৌধুরী শিপন, সহ সভাপতি সাইন আলম খুবলু, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও বিএনপি নেতা মাজহারুল শাবেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ মহসিন সেলিম, সৈয়দ খালিদ আলী, মিয়া মোহাম্মদ আফজাল, বুরহান উদ্দিন বুলু, লুৎফুর রহমান, মোহাম্মদ খলিল, আলা উদ্দিন, আবদুল আউয়াল শিপার, জাকিরুল হমেল চৌধুরী, হাবেজ সৈয়দ



খুবায়ের আলী, তাজুল ইসলাম শহীন, আবুল কালাম আজাদ খান, আবদুল হালিম আনোয়ারী, জাহাঙ্গীর আহমদ, রেজওয়ান আহমদ, আবদুল মুহিত, রাহাত আহমদ, জাকারিয়া খান প্রমুখ।

টেলিকনফারেন্সে আবদুস সালাম বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ছিলেন স্বাধীনতা, সার্বভৌমত্ব ও সংবিধান প্রতীক। তিনি স্বাধীনতার ঘোষণা না দিলে এদেশের মানুষ যুদ্ধে ঝাঁপিয়ে পড়তেন না। জাতি যখন নেতৃত্বশূন্য সিপাহীরা তখনই জিয়াউর রহমান উল্কুল নক্ষত্রের মতো আবির্ভূত হয়েছিলেন। তার সততা নিয়ে তার চরম শত্রুও কোনো প্রশ্ন তুলতে পারেনি। একজন সাধারণ মেজর হয়েও ১৯৭১ সালের ২৫ মার্চের ভয়াল রাতে বর্বর পাকিস্তানী হানাদার বাহিনীর আক্রমণের সময়ে প্রাণ বাঁচাতে অনেকে যখন পালিয়ে গিয়েছিল এর বিপরীতে জীবনের ঝুঁকি নিয়ে কালুরঘাট বেতারকেন্দ্র থেকে তিনি স্বাধীনতা ঘোষণা দিয়ে সশস্ত্র প্রতিরোধ গড়ে তুলে আজো দেশপ্রাণীর হৃদয়ে অমর হয়ে আছেন। মাহিদুর রহমান বলেন, ১৯৭৫ সালের ৭ই নভেম্বর সিপাহী-জনতা বিপ্লবে নেতৃত্বশূন্য জাতিকে নেতৃত্ব দেয়ার জন্যে জিয়াউর রহমানকে কারা মুক্ত করে এনে ক্ষমতায় বসিয়ে দেয় সৈনিক-জনতা। দেশের নেতৃত্ব গ্রহণের পর জিয়াউর রহমান অল্প সময়ের মধ্যেই ভলাবিহীন ঝুড়ির বন্দনমুক্ত করে বাংলাদেশকে বিশ্বের বুকে সম্মানের আসনে অধিষ্ঠিত করেন। তিনি একদলীয় শাসন থেকে দেশকে মুক্ত করে বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা করে দেশে বাক-ব্যক্তি ও সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিত করেন। বাংলাদেশী জাতীয়তাবাদের বাংলাদেশী দর্শনের প্রবক্তা জিয়া জাতির নিজস্ব পরিচয় তুলে ধরেন। তাঁর অন্যতম উপহার বাংলাদেশ জাতীয়তাবাদী দল। তাঁর সুশাসনে উন্নীয়মান এক অমিত সম্ভাবনাময় দেশ হিসেবে বাংলাদেশ বিশ্বদরবারে আসন লাভ করে। জিয়াউর রহমান ছিলেন সৃজন এবং উল্লত বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা ও গণ-প্রদর্শক। তিনি বাংলাদেশকে অধিকতর সমৃদ্ধির দিকে এগিয়ে নিতে দেশের সম্ভাবনার প্রতিটি দিককে উন্মোচনের পরিকল্পনা গ্রহণ করেন।

জিল্লুর রহমান বলেন, জোটনিরপেক্ষ বলয়ে ও পাশ্চাত্যে তেজস্বীপ্ত ও প্রজ্ঞাবান রাষ্ট্রনায়ক হিসেবে ভূমিকা পালনে, সার্কের সফল স্বপ্নদ্রষ্টা হিসেবে শহীদ জিয়া জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশকে উন্নয়নশীল রাষ্ট্রের এজলাসে এনে দিয়েছিলেন। জিয়ার ঈর্ষণীয় এই জনপ্রিয়তা ও দেশপ্রেমই তাঁর জন্য কাল হয়েছিল। দেশী বিদেশী ষড়যন্ত্রকারীরা চট্টগ্রামে তাঁকে হত্যা করলেও তাঁর আদর্শকে হত্যা করতে পারেনি। ১৯৮১ সালের ৩০ মে জিয়াউর রহমানের শাহাদতে গোটা পৃথিবী শোকাভিভূত হয়ে পড়েছিল। এ শোকের বহিঃপ্রকাশ ঘটেছিল শেরেবাংলানগরে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নামাজে জানাজায়। লাখো লাখো মানুষের উপস্থিতিতে সেদিন জিয়াউর রহমানের জনপ্রিয়তারই বহিঃপ্রকাশ ঘটেছিল। আলোচনা পর্ব শেষে অনুষ্ঠিত দোয়া মাহফিলে শহীদ জিয়ার আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত ছাড়াও সদ্য পরলোকগত নিউজার্সী বিএনপির উপদেষ্টা সদস্য সাবেক ইউপি চেয়ারম্যান মুহাব্বির আলী ও কমিটির শিক্ষা বিষয়ক সম্পাদক বদির আহমদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং মোনাজাতে দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও তাঁকে রহমানের শারীরিক সুস্থতা কামনা সহ বিশ্ব করোনা মুক্তির জন্য বিশেষ দোয়া করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন



DR. MAHFUJUL HASAN D.D.S



DR. BORNALI HASAN MD

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE), (718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE), (718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ম্যারিজ-ডিভোর্স
● ক্রিমিনাল ● ডিভোর্স সহ সিভিল
সকলের আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq.
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-686-0066, Fax: 212-686-0099, Email: mdaziz@yahoo.com
421 7th Avenue, Suite# 806, New York, NY 10001

বাংলা পত্রিকা
পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে পেডনি, স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকার যে কোন স্থানে ব্যবসায় বিনিয়োগের মাধ্যমে Treaty (E-1) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

অথবা ১ মিলিয়ন বা তারচেয়ে ৫ গুণ বেশী বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

ইনভেস্টর এসেপে আপনার বিনিয়োগের অর্থ আমেরিকা আসবার আগে পাঠিয়ে রাখতে পারেন।

ভিসা জোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ২ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এপ্লাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্রাকটিস, ডিভোর্স, পারিবারিক রিংগালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকার বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনার (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

Emirates
QATAR
TURKISH AIRLINES
السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া
Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102
সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station
Cell: 917-459-7181
website: www.digitaltraveltour.com

We are on Facebook

নিউইয়র্কে মানবতার সেবায় এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি

বাংলা পত্রিকা ডেস্ক: কোভিড ১৯-এর ভয়াবহ বিস্তারে যুক্তরাষ্ট্র এখন মৃত্যুকূপে পরিণত। প্রতিদিন শত শত মৃত্যুর মিছিল। সবচেয়ে বিপজ্জনক পরিস্থিতি এখন নিউইয়র্কে। এই কঠিন পরিস্থিতির মধ্যে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে এস্টোরিয়া



মৃত্যুর সংখ্যা লাখ ছাড়িয়ে গেছে ইতোমধ্যে। প্রবাসী বাংলাদেশীদের জীবনও বিপন্ন। শত শত প্রবাসী বাংলাদেশীর প্রাণ কেড়ে নিয়েছে প্রাণঘাতী এই ভাইরাস। যুক্তরাষ্ট্রের মধ্যে ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইনক আর্ত মানবতার সেবায় আত্মনিয়োগ করেছে।

করোনা ভাইরাসের বিস্তারের শুরু থেকে এই সংগঠনটি খাদ্য



সামগ্রী বিতরণ কার্যক্রম শুরু করেছে। প্রতিদিনই নিউইয়র্কের ফুটপাতে দাঁড়িয়ে বিতরণ করছে ত্রাণ। মানবতার পাশে দাঁড়ানো এই সংগঠনটির কার্যক্রম ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে এস্টোরিয়ায়।

সংগঠনটির সাধারণ সম্পাদক মো. জাবেদ উদ্দিন জানান, 'আমরা শুধু প্রবাসী বাংলাদেশীদের মধ্যে খাদ্য সহায়তা বন্টনে সীমাবদ্ধ থাকিনি। আমরা এখানে বসবাসরত সকল শ্রেণীর মানুষের জন্য কাজ করছি।'

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির কর্মকাণ্ডে সার্বিকভাবে সহযোগিতার জন্য আল আমিন জামে মসজিদের সেক্রেটারি কোয়েস আহমেদ, এস্টোরিয়া ওয়েলফেয়ার এসোসিয়েশনের সভাপতি সুহেল আহমেদ, স্ট্রেট অ্যাসেম্বলী প্রার্থী জর্বান মামদানি, সাবেক ডিস্ট্রিক্ট অ্যাটর্নি জুলিয়া হোরম্যান, বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভির সিইও আবু তাহের, মূলধারার রাজনীতিক ম্যারি জোবেদা, বরনুন খান মিরা, সেওয়ান শহেল চৌধুরী, সমশের আলী, এমদাদ তরফদার প্রমুখ নেতৃবৃন্দের প্রতি সংগঠনের পক্ষ থেকে ধন্যবাদ দিয়েছেন সংগঠনের সেক্রেটারী মোহাম্মদ জাবেদ উদ্দিন। তিনি জানান, এই কার্যক্রম অব্যাহত থাকবে।



শহীদ জিয়ার মৃত্যুবার্ষিকীতে ভার্চুয়াল সভা অনুষ্ঠিত

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক মহানগর বিএনপির সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, তার সমন্বয়ে জিয়াউর রহমানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে গত ২৯ মে শুক্রবার রাত ৯টায় এক জাঁকালো মিটিং হয়েছে। এতে অংশ নেন



সংগঠনের জাতীয় সভাপতি শরাফত হোসেন বাবু, কোষাধ্যক্ষ জসীম ভূইয়া, মহানগর বিএনপির সাধারণ সম্পাদক আশরাফ হোসেন, বিএনপি নেতা রুহুল আমিন নাসির, আলমগীর মৃধা, কামালউদ্দিন লিপু, সালেহ মনিক, ওয়াশিংটন থেকে তোফায়েল আহমেদ, ফ্লোরিডা থেকে আরিফ আহমেদ আশরাফ, ফারুক সরকার, জোহরা বেগম, আবু জাফর ফরাজি, আশিক মাহমুদ, মো. মহসিন প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।

যে খাবারে ফুসফুস সুস্থ থাকে

বাংলা পত্রিকা ডেস্ক: করোনাভাইরাসের আক্রমণে মারাত্মক ক্ষতিগ্রস্ত হয় ফুসফুস। তাই বর্তমানে দেহের ইমিউন সিস্টেম ও ফুসফুসকে শক্তিশালী রাখা সবার জন্যই জরুরি। ফুসফুসকে সুস্থ ও শক্তিশালী রাখতে কয়েকটি খাবারের কথা উল্লেখ করেছেন পুষ্টিবিদরা। খাবারগুলোর মধ্যে রয়েছে- সামুদ্রিক মাছ, আপেল, ব্রকলি, মুরগির মাংস, বাদাম ও মিষ্টি কুমড়া।

সামুদ্রিক মাছে থাকে ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড, যা ফুসফুসকে ভালো রাখে। ফলের মধ্যে আপেল বেশ সহজলভ্য। লন্ডনের একটি মেডিক্যাল স্কুলের গবেষণা মতে, প্রতিদিন একটি করে আপেল খেলে ফুসফুসের কর্মক্ষমতা বাড়ে। আপেলে থাকা ভিটামিন ই, সি ও বিটা ক্যারোটিন ফুসফুসের সুস্থতায় অপরিহার্য। সবজির মধ্যে ব্রকলি ফুসফুসের জন্য খুবই উপকারী একটি সবজি। এতে প্রচুর পরিমাণ ভিটামিন সি ও অ্যান্টি-অক্সিডেন্ট থাকে। এগুলো ফুসফুসকে বিভিন্ন রোগ থেকে বাঁচায়। মুরগির মাংসও খেতে পারেন ফুসফুসের স্বাস্থ্য ভালো রাখতে। প্রাণীজ ভিটামিন-এ এর ভালো একটি উৎস হচ্ছে মুরগির মাংস, যা ফুসফুসকে সুস্থ রাখে। আরো খেতে পারেন বাদাম। বাদামে উচ্চমানের ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড পাওয়া যায়। মিষ্টি কুমড়াও খেতে পারেন। এতে থাকা ভিটামিন সি, ফাইবার, পটাসিয়াম ও অ্যান্টি-অক্সিডেন্ট ফুসফুস ভালো রাখে। প্রতিদিন এই খাবারগুলো খাওয়ার পাশাপাশি যথানিয়মে পানি পান করতে হবে। -ইত্তাফাকে।

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price
বিশাল মুলহাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি ফ্রেশ হাফ চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি ফ্রেশ হাফ চিকেন ফ্রি)

প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb

বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
বোয়াল, আইড়, কোরাল, পবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও পোল

সাইজ রেনাপিয়া	$3.49/lb
সাইজ রাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
রেগী রুই	$1.79/lb
Herring Fish (চাপিশ মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

স্পেশাল

EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
ফ্রি ডেলিভারী বিনিময় ৫০ ডলার

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

Hakim & Co
Multiservices
One Stop Solutions For Community Needs




TAX & Immigration Service

Rukon Hakim
Tax Preparer
917-362-2442

Manna Muntasir
Tax Preparer
929-332-9125

এখান থেকে বাংলাদেশে টাকা পাঠানো হয়
Money Transfer
Ria MONEY TRANSFER

Individual Tax Filing
- Tax Files
- Real Estate
- Citizenship Application
- Immigration Visa Application
- Green Card Renewal Applicat
- Passport Application
- Bill Payments
- Notary Public
- Affordable Housing Application
- Medicaid & Medicare Application

INSTANT CASH PICK-UP
SEND MONEY WORLDWIDE
vigo
e-file
INSTANT Refund

Airline Tickets
(এয়ার লাইন টিকেট)
INTERNATIONAL & DOMESTIC FLIGHTS

718-775-3436
WE ARE OPEN 7 DAYS
আমরা সপ্তাহে ৭ দিন ই খোলা

3156 Bainbridge Ave, Bronx NY 10467
www.hakimmultiservices.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, প্রাইভেট পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

- প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়,
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুপ্লি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট,
- ফ্যাক্স সার্ভিস,
- ৯৯ সেন্ট-এ উপহার কার্ড,
- ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী
এবং
এটর্নি জুল রিভস

আমেরিকার অধিকাংশ বাংলাভাষাভাষী এলাকাতেই খোদ বা ফোনযোগে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশেষ ডলপোটার্স বিশেষ সুনিপুণভাবে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে বাংলার ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীদের দেশী প্রবাসীদেরকে প্রদান করছি। এই ধারাবাহিক লেখার শুরিদ হোসেন আরেফী। শরিদ আরেফী সিটিজেন্স ম'ভমেন্ট অফিসের উপর পড়াশোনার করেছেন। তিনি ব্যাচিলর অনার্স ডা' ফোক ইমিগ্রেশন আ' এবং সিরাকিউস ম'-এর উপর এল,এল,এম, অর্জন করেছেন। তিনি সিটিজেন্স ফ্রী সার এসোসিয়েশন, আমেরিকান সার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ব' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

আমেরিকায় আসার পর আমাদের অনেকেরই একটি স্বপ্ন থাকে গ্রীনকার্ড পাওয়ার। গ্রীনকার্ড পাওয়ার পর আমাদের অনেকেরই একটি স্বপ্ন থাকে সিটিজেনশীপ পাওয়ার। সিটিজেনশীপ পাওয়ার পর আমাদের অনেকেরই একটি স্বপ্ন থাকে দেশে যাওয়ার। দেশে যাওয়ার পর আমাদের অনেকেরই একটি স্বপ্ন থাকে দেশে একটি বাড়ী করার। বাড়ী করার পর আমাদের অনেকেরই একটি স্বপ্ন থাকে দেশে একটি ব্যবসা করার। ব্যবসা করার পর আমাদের অনেকেরই একটি স্বপ্ন থাকে দেশে একটি বিয়ে করার। বিয়ে করার পর আমাদের অনেকেরই একটি স্বপ্ন থাকে আবার আমেরিকায় ফিরে আসার। আমেরিকায় ফিরে আসার পর আমাদের অনেকেরই একটি স্বপ্ন থাকে আমেরিকায় স্থায়ী হওয়ার। আমেরিকায় স্থায়ী হওয়ার পর আমাদের অনেকেরই একটি স্বপ্ন থাকে

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-750-3416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা সার্টিফিকেট খেয়াপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

টাইম ইনকাম ট্যাক্স সার্ভিসেস

আইআরএস অনুমোদিত e-file

- ট্যাক্স সার্ভিসেস
- নির্ভুল ট্যাক্স ফাইলিং
- নূন্যতম ফি
- সবধরনের ইমিগ্রেশন

এর কাজের জন্য

718-708-2456

Kaysar Rahman, *Tax Practitioner*
37-50 74th St, 1st FL, Jackson Heights, NY 11372
Tel: 718-708-2456 Email: timetax2019@gmail.com

MOHAMMED KABIR

LIC. R.E. BROKER



RE-METCH REALTY INC.

* SALES
* RENTALS
* MORTGAGES
* REFINANCES

2122 A Weschester Ave, Bronx, NY 10462

নিউইয়র্কে বাড়ী ক্রয়, বিক্রয়, ভাড়া সব রকমের সহযোগিতা করে থাকি।

CELL: (646) 238-6799
E-mail: kabir.remetchrealty@gmail.com
Tel: (347) 657-0801, Fax: (347) 657-0802

UMRAH 2020 WITH Historical Tour







Package A February 19-29 • Makkah • Medina • Taif • Jeddah • Cairo

Per Person Quad Room $2880, Triple Room $3075, Double Room $3250
Includes: • 5 Star Hotel (Close to two Haram's) • Breakfast Buffet
• Historical Tour's in Makkah, Medina, Taif, Jeddah & Cairo

Package B February 19-27 • Makkah • Medina • Taif • Jeddah City

Per Person Quad Room $2280, Triple Room $2420, Double $2530
Includes:
• 5 Star Hotel (Close to two Haram's)
• Breakfast Buffet
• Historical Tour's in Makkah, Medina, Taif & Jeddah

Package C February 19-27 • Makkah • Medina

Per Person
Quad Room $1975, Triple Room $2050
Double Room $2275
Includes: • 5 Star Hotel (Close to two Haram's)
• Breakfast Buffet
• Historical Tour's in Makkah & Medina

আমরা নিউইয়র্ক থেকে বিশ্বের এটি মহাদেশে গাইডেড ট্যুর অপারেট করি।

বাংলা ট্যুর ইনক

63 Metropolitan Oval,
Suite # 6E, Bronx, NY 10462

347-280-7269
email: banglatourus@gmailcom
www.banglatourus.com



B. Meher Chowdhury

B.Sc. Paralegal (USA)
Tax Associate

Titas MULTI SERVICES INC

Tax, Immigration, Notary
Divorce, Marriage Matc
Air Ticket, Home Care Service

2113 Starling Ave
Suite 205, Bronx, NY 10462

37-14 73rd Street, Suite 203
Jackson Heights, NY 11372

Cell : 347-366-5011
Office : 347-293-8556
bmeherchowdhury@gmail.com

DR. SADI ALAM, DPM

Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-12 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry PC

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ ফাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

Tels: 718-657-8225, 718-657-7300

LAW OFFICES
OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

718-545-2600, 917-834-9260

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৪

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেটিকেইড, মেডিক্রেয়ার, ভিজিলিন সেন্টার, ম্যেলন কার্ড, সিগ্না, এটনা, ফোনাইক, গার্ডিয়ান, ডেন্টিসেট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ বাহারুল আলম ডি.ডি.এস

DR. BAHARUL ALAM D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

FAMILY DENTAL



We Do Implant & Veneers

আপনার পরিবারের সবার স্বাস্থ্যকর দাঁতের চিকিৎসার জন্য একটিমাত্র ঠিকানায় আমাদের ফ্যামিলি ক্লিনিক। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। ডেন্টিস্ট্রি এবং করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অফিসসমূহ ফ্রান্সফ্রেড্ড
২৮-৫১ ক্রসবয়ড্রি ফ্রেসক,
অ্যাস্টরিয়া, এ
ব্যবহারের সময় ঃ সকাল ৮:৩০ থেকে বিকাল ৫:৩০
ফোন: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
E/R train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও লিগ্যালভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

718-475-5686

7 DAYS OPEN

AUTHORIZED E-file PROVIDER



87-04 108TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC
কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

ইনকাম ট্যাক্স
- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

একাউন্টিং
- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP
- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন
- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA In Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

ENROLLED AGENT

Office Hours: Monday - Saturday 10:00am - 8pm

Tax Preparation fee pay by Credit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313
karnafullytax@yahoo.com, www.karnafullytax.com
37-20 74th Street. 2nd Floor. Jackson Heights

মেট্রোপলিটন লার্নিং ইন্সটিটিউট, ইন্ক

নিউইয়র্ক ষ্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত
কাউন্সিল অন অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এডক্রেডিয়েশনপ্রাপ্ত
একটি অলাভজনক শিক্ষা প্রতিষ্ঠান

আমাদের প্রোগ্রাম সমূহ:
(সিওই অনুমোদিত এবং ফিনান্সিয়াল এইড এর জন্য মনোনীত)

- মেডিকেল এডমিনিস্ট্রেটিভ এসিস্টেন্ট
- একাউন্টিং এসিস্টেন্ট
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ মেডিকেল বিলিং এন্ড ইংলিশ
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ বুককিপিং এন্ড ইংলিশ
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ ইংলিশ (শুধুমাত্র ব্রুকলিন ক্যাম্পাস এর জন্য)
- মেডিকেল এডমিনিস্ট্রেটিভ এসিস্টেন্ট - সংক্ষিপ্ত (শুধুমাত্র প্রধান এবং ব্রুকলিন ক্যাম্পাস এর জন্য)

শর্ট প্রোগ্রাম
(সিওই অনুমোদিত হলে ফিনান্সিয়াল এইড এর জন্য মনোনীত নয়)

- নার্স এসিস্টেন্ট / এইড (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- পেসেন্ট কেয়ার টেকনিশিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- ফ্লেবোটমি টেকনিশিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- ইকেজি টেকনিশিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)



সুবিধাজনক ক্লাশসূচি
প্রভাতী ক্লাশ: সকাল ৯:০০ টা থেকে দুপুর ২:০০টা
সন্ধ্যাকালীন ক্লাশ: বিকাল ৫:১৫ টা থেকে রাত ১০:১৫টা
শনি ও রবিবার (শুধুমাত্র শর্ট প্রোগ্রামের জন্য)
সকাল ৯:০০ টা থেকে দুপুর ২:০০ টা

রয়েছে জব প্লেসমেন্ট সুবিধা
ফিনান্সিয়াল এইড
যোগ্যদের জন্য রয়েছে ফিনান্সিয়াল এইড সুবিধা

ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাংগুয়েজ (ESL)
(২য় ভাষা হিসাবে ইংরেজি) - লেভিল ওয়ান টু এইট

যোগাযোগ:
ডা. মাসুদুল হাসান
ডিরেক্টর মেডিকেল প্রোগ্রাম,
রিগোপার্ক শাখা

বিস্তারিত জানতে ভিজিট করুন: www.gettraining.org

প্রধান ক্যাম্পাস
৯৭-৭৭ কুইন্স বুলেভার্ড (৯ম তলা)
রিগো পার্ক, নিউইয়র্ক ১১৩৭৮
ফোন: ৭১৮-৮৯৭-০৪৮২

এক্সটেনশন ক্যাম্পাস
৫৬০ ৫৯ স্ট্রীট, ৫ম এভিনিউ
ব্রুকলীন, নিউইয়র্ক ১১২২০
ফোন: ৭১৮-৪৯২-২১২০

তাসলিমা খান - ৩৪৭-৮৩৬-২২২৬
খালেদা পারভিন - ৯২৯-৩০১-৯২৭৫
কাউসার জাহান - ৯১৭-৩৪০-৪৩৫৯

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

